

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৮

२. यन गलाता সूि छे छे अति भयाला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ কুর'আন পাঠের ক্ষেত্রে আওয়াজ সুন্দর করা বৈধ কেননা সুন্দর আওয়াজে কুর'আন পাঠ করলে মহান আল্লাহ তা শ্রবণ করেন

ذِكْرُ إِبَاحَةِ تَحْزِينِ الصَّوْتِ بِالْقُرْآنِ إِذِ اللَّهُ أَذِنَ فِي ذَلِكَ

আরবী

748 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ بِمَنْبِجَ حَدَّثَنَا حَامِدُ بْنُ يَحْيَى الْبَلْخِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنِ الزُّهْرِيِّ ثُمَّ سَمِعْتُهُ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي سُلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّهُ لِشَيْءٍ مَا أَذَن لنبي يتغنى فَرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَا أَذِنَ اللَّهُ لِشَيْءٍ مَا أَذَن لنبي يتغنى بالقرآن)

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَتَغَنَّى بِالْقُرْآنِ) يُرِيدُ يتحزَّن بِهِ وَلَيْسَ هَذَا مِنَ الْغُنْيَةِ لَقَالَ: يَتَغَانَى بِهِ وَلَمْ يَقُلْ: يَتَغَنَّى بِهِ وَلَيْسَ التحزُّنُ مِنَ الْغُنْيَةِ لَقَالَ: يَتَغَانَى بِهِ وَلَمْ يَقُلْ: يَتَغَنَّى بِهِ وَلَيْسَ التحزُّنُ بِالْقُرْآنِ نَقَاءَ الجرْمِ وَطِيبَ الصَّوْتِ وَطَاعَةَ اللَّهَوَاتِ بِأَنْوَاعِ النَّغَمِ بِوِفَاقِ الْوِقَاعِ وَلَكِنَّ التَّدَذُّنَ بِالْقُرْآنِ هُوَ أَنْ يُقَارِنَهُ شَيْئَانِ: الْأَسَفُ وَالتَّلَهُ فُ : الْأَسَفُ عَلَى مَا وَقَعَ مِنَ التَّوْقِيرِ فَإِذَا تَأْلُم القلب وتوجع وتخزن الصَوْتُ ورجَّع بَدَرَ الْجَفْنَ بِالدِّمُوعِ وَالْقَلْبَ بِاللَّمُوعِ فَحِينَئِذِ يَسْتَلِذُ المتهجِّد بِالْمُنَاجَاةِ وَيَفِرُ مِنَ ورجَّع بَدَرَ الْجَفْنَ بِالدِّمُوعِ وَالْقَلْبَ بِاللُّمُوعِ فَحِينَئِذِ يَسْتَلِذُ المتهجِّد بِالْمُنَاجَاةِ وَيَفِرُ مِنَ التَّوْقِيقِ لَهُ النَّوْقِيقِ لَهِ وَالْقَلْبَ بِاللَّمُوعِ فَحَينَئِذِ يَسْتَلِذُ المتهجِّد بِالْمُنَاجَاةِ وَيَفِرُ مِنَ النَّانُ وَلَا اللَّهُ التَوفِيقِ لَه.

الراوي: أبو هريرة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 748 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা



৭৪৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আল্লাহ কোন কিছুই সেভাবে (মনযোগের সাথে) শ্রবণ করেন না, যেভাবে কোন নাবীর সুমধুর কণ্ঠের কুর'আন তেলাওয়াত শ্রবণ করেন।"[1]

আবু হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "সুমধুর কঠে কুর'আন তেলাওয়াত করেন" এর দ্বারা উদ্দেশ্য হলো يتحزّن بِا (যুগপৎভাবে মনস্তাপ ও প্রত্যাশা সহ কুর'আন পাঠ করা)। শব্দটি الْخُنْيَة (থাকে উদ্ভূত নয়। যদি শব্দটি يتحزّن بِالْفُرُآنِ الامة উদ্ভূত হতো তবে বলতেন التحزّن بِالْفُرُآنِ المعرّب এর ক্ষেত্রে আওয়াজ সুউচ্চ, সমধুর করা হয় না, গানের অনুসরণে স্বর উচু-নিচু করা হয়না। এর সাথে দু'টি জিনিস যুক্ত থাকে: মনস্তাপ ও প্রত্যাশা; মনস্তাপ থাকে ক্রটি-বিচুতি সংঘটিত হওয়ার কারণে আর প্রত্যাশা থাকে মর্যাদা প্রাপ্তির ব্যাপারে। সুতরাং অন্তর যখন ব্যথিত ও দুঃখিত হয়, আওয়াজ যখন দুঃখ-ভারাক্রান্ত ও অনুরণিত হয়, তখন চোখ অশ্রুসিক্ত হয়, অন্তর আশান্বিত-উজ্জ্বল হয়, এমন সময়ই তাহাজ্ব্দ আদায়কারী ব্যক্তি তাঁর প্রতিপালকের সাথে একান্ত বাক্যালাপে স্বাদ অনুভব করেন, আর তার অতীত দোষ, অপরাধ ও পাপ-পদ্ধিলতা থেকে ক্ষমার আশায় সৃষ্টিজীব থেকে পালিয়ে নির্জন কুঠিরে গিয়ে আশ্রয় নেয়!"

ফুটনোট

[1] হুমাইদী: ৯৪৯; সহীহ আল বুখারী: ৫০২৪; সহীহ মুসলিম: ৭৯২; নাসাঈ: ২/১৮০; দারেমী: ১/৩৫০; মুসানাফ আব্দুর রাযযাক: ৪১৬৬; মুসনাদ আহমাদ: ২/২৭১; সুনান বাইহাকী: ২/৫৪; বাগাবী, শারহুস সুনাহ: ১২১৮; আবু দাউদ; ১৪৭৩।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩২৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন